“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৯.০০৭.২০-১৮৩ তারিখ: ২৯ মে ২০২০

অফিস আদেশ

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার আগামী ৩১ মে ২০২০ হতে ১৫ জুন ২০২০ তারিখ পর্যন্ত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা আরোপ/সীমিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত নিষেধাজ্ঞাকালীন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন সকল বিদ্যুৎ কেন্দ্র/বিতরণ অঞ্চল/দপ্তর/পরিদপ্তর নিজ ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলা থাকবে।

২। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মকর্তা/কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ এসময় কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন। এক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য সর্বাবস্থায় মাস্ক পরিধানসহ ১৫ মে ২০২০ তারিখে ২৭.১১.০০০০.১০১.১৯.০০৭.২০-১৫৯ নম্বর অফিস আদেশে উল্লেখিত **"স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা"** কঠোরভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: ক) ১৫ মে ২০২০ তারিখের ১৫৯ নম্বর অফিস আদেশ।

স্বাক্ষরিত: ২৯/০৫/২০২০

(সাইফুল ইসলাম আজাদ)
সচিব
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☎: ০২-৯৫৫৪২০৯
Secretary@bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৯.০০৭.২০-১৮৩/১(১১) তারিখ: ২৯ মে ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,তেজগাঁও,ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সদস্য, প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৪। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক(প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/ মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৫। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব,প্রধানমন্ত্রীর কার্যালয়,তেজগাঁও,ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট,কম্পিউটার কেন্দ্র,বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,ঢাকা(অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১০। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
১১। অফিস কপি।

২৯/০৫/২০২০

(মোঃ রানা ইকবাল)
উপসচিব (সংস্থাপন)
☎: ০২-৯৫৫০৫২৩

"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৯.০০৭.২০-১৫৯ তারিখ: ১৫ মে ২০২০

অফিস আদেশ

দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার আগামী ১৭ মে ২০২০ তারিখ হতে ৩০ মে ২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সে প্রেক্ষিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক ২৫ মার্চ ২০২০ তারিখে জারিকৃত ২৭.১১.০০০০.১০১.৩৭.০০১.২০-২১৩ নম্বর অফিস আদেশে উল্লেখিত নির্দেশাবলী প্রতিপালনের শর্তে আগামী ১৭ মে ২০২০ হতে ৩০ মে ২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি নির্দেশক্রমে বর্ধিত করা হল।

২। এ ছাড়া স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ১১ মে ২০২০ তারিখে ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৬৫৫ নম্বর স্মারকে সকল কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য বিধি পালন নিশ্চিতকরণের নিমিত্তে **"স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা"** জারি করা হয়েছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীকে নিম্নে উল্লেখিত স্বাস্থ্য বিধি সংক্রান্ত উক্ত নির্দেশনা পালন নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা:

ক) প্রয়োজনীয় সংখ্যক জীবাণুমুক্ত টানেল স্থাপনের ব্যবস্থা করতে হবে;

খ) অফিস চালু করার পূর্বে অবশ্যই প্রতিটি অফিস কক্ষ/আঙ্গিনা/রাস্তাঘাট জীবানুমুক্ত করতে হবে;

গ) প্রত্যেক বিদ্যুৎ কেন্দ্র/বিতরণ অঞ্চল/দপ্তর/পরিদপ্তরের প্রবেশ পথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের শরীরের তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করাতে হবে;

ঘ) অফিস পরিবহণসমূহ অবশ্যই শতভাগ জীবাণুনাশক দিয়ে জীবানুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় পারস্পরিক ন্যূনতম তিন ফুট শরীরিক দুরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে;

ঙ) সার্জিক্যাল মাস্ক শুধু একবার (one time) ব্যবহার করা যাবে। কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিস্কার করে পুনরায় ব্যাবহার করা যাবে;

চ) যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিস্কার করতে হবে;

ছ) খাবার সময় (ন্যূনতম তিন ফুট) শরীরিক দুরত্ব বজায় রাখতে হবে;

জ) প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান/হ্যান্ড ওয়াশ দ্বারা জীবানুমুক্তকরণ নিশ্চিত করতে হবে;

ঝ) অফিসসমূহে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে;

ঞ) কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি অথবা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিস্কার করতে হবে;

চলমান-২

ট) কর্মকর্তা/কর্মচারীদের করোনা (কোভিড-১৯) প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধি মেনে চলছে কিনা তা মনিটরিং করতে হবে। ভিজিলেন্স টিম এর মাধ্যমে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে হবে;

ঠ) দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা ঝুলিয়ে রাখতে হবে;

ড) কোন কর্মচারীরকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশনে রাখার ব্যবস্থা করতে হবে।

স্বাক্ষরিত: ১৫/০৫/২০২০

(সাইফুল ইসলাম আজাদ)
সচিব
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☏: ০২-৯৫৫৪২০৯
Secretary@bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৯.০০৭.২০-১৫৯/১(১১) তারিখ: ১৫ মে ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও,ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সদস্য, প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৪। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক(প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/মহাব্যবস্থাপক/ নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৫। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট,কম্পিউটার কেন্দ্র,বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,ঢাকা(অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
১১। অফিস কপি।

(মোঃ রানা ইকবাল)
উপসচিব (সংস্থাপন)
☏: ০২-৯৫৫০৫২৩